

**বাংলাদেশের জনো
এভিবিবির মঞ্জুরী**

মানিলা, ১ল, নবেম্বর (রমটার)
—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)
বাংলাদেশের জনো একটি কারিগরি
সহায়তা মঞ্জুরী অনুমোদন করেছে।
এই মঞ্জুরীর টাকা ঢাকায় বাংলাদেশ
শিল্প, সরঞ্জাম উন্নয়ন বোর্ড স্থাপনে
ব্যয় হবে।

প্রকল্পটি বাস্তবায়িত হলে শিল্প
সংক্রান্ত সরঞ্জাম স্থানীয়ভাবে তৈরী
করা সম্ভব হবে এবং এর ফলে বিদেশ
থেকে সরঞ্জাম আমদানী করতে যে
পরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যয় হত,
তা বেঁচে যাবে।